



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/হিসাব/৫২

তারিখঃ ২৩/০৭/২০১৮খ্রি.

HSC-2018 Examiner's Bill Database যাচাইকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত এইচএসসি-২০১৮ পরীক্ষায় সম্মানিত প্রধান পরীক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি-২০১৮ পরীক্ষার অন-লাইন বিল প্রস্তুতের কাজ চলেছে। যারা ইতিমধ্যে অন-লাইন প্রক্রিয়ায় বিল সাবমিট করেছেন তারা পুনরায় আইডি ও পাসওয়ার্ড দিয়ে প্যানেলে প্রবেশ করে বিল যাচাই করতে এবং প্রয়োজ্য ক্ষেত্রে সংযোজন ও বিয়োজন করতে পারবেন। সবশেষে সাবমিট দিয়ে লগআউট করে প্যানেল থেকে বের হয়ে আসবেন। যে সব প্রধান পরীক্ষকগণ এখনও bill submit করেননি তাদেরকে দ্রুত সময়ের মধ্যে bill submit করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের জ্ঞাতার্থে ও কার্যার্থে নিম্নে কিছু তথ্যাদি দেয়া হলো।

- ## প্রধান পরীক্ষক হিসাবে আপনার নিজের মূল্যায়িত উত্তরপত্রই হবে আপনার উত্তরপত্র সংখ্যা।
পরীক্ষকদের মূল্যায়িত উত্তরপত্রের ১২% আপনার উত্তরপত্রের সাথে যোগ দিবেননা। এটি অটো ক্যালকুলেশন হয়ে আপনার উত্তরপত্রের সংখ্যার সাথে যোগ হবে।
- ## সোনালী/রূপালী/ডাচ বাংলা ব্যাংকের হিসাব হলে অবশ্যই ১৩ ডিজিট হবে এবং ব্যাংক ও শাখার নাম লিখতে হবে।
- ## রকেট হিসাব হলে অবশ্যই অবশ্যই ১২ ডিজিট হবে, কোন শাখার প্রয়োজন নেই।
- ## প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের আনুষঙ্গিক খাতে থোক বরাদ্দ দেয়া হবে। কোন ডাকস্লিপ বিবেচনায় নেয়ার প্রয়োজন নেই।
- ## প্রধান পরীক্ষক হিসেবে আপনার তালিকায় অপ্রাসঙ্গিক examiner id থাকলে তা delete করার প্রয়োজন নেই।
- ## প্রধান পরীক্ষকের আওতাধীন কোন পরীক্ষকের আইডি না পেলে দ্রুত মোবাইল নম্বর - ০১৭১৬৯৫০৬৯৭ এ কল দিন।
- ## প্রেরিত বিলের তথ্যাদি সম্পর্কে সম্পূর্ণ দায়-দায়িত্ব প্রধান পরীক্ষককে বহন করতে হবে।
- ## আগামী ১৬/০৮/২০১৮খ্রি. পর্যন্ত on-line প্রক্রিয়ায় bill submit/edit করার সুযোগ পাবেন।

দ্রুত ও বিশ্বস্ততার মাধ্যমে সেবা প্রাপ্তির লক্ষ্যে এ বোর্ডের আওতাধীন এইচএসসি-২০১৮ পরীক্ষায় সম্মানিত প্রধান পরীক্ষকদের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

হিসাবরক্ষণ কর্মকর্তা

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

ফোন : ০৪৩১-৬১১৫৮

মোবাইল : ০১৭১৬৯৫০৬৯৭